

হল না ছাড়ার সিদ্ধান্ত ঢামেক শিক্ষার্থীদের, চলবে আন্দোলন

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) কর্তৃপক্ষের

ঘোষণার পরও হল ত্যাগ কিংবা আন্দোলন

স্থগিতের সিদ্ধান্ত থেকে সরে আসেননি শিক্ষার্থীরা।

তারা ঘোষণা দিয়েছেন, কলেজ প্রশাসনের

একতরফা সিদ্ধান্তের প্রতিবাদে কর্মসূচি চালিয়ে

যাবেন এবং হল ত্যাগ করবেন না।

শনিবার (২১ জুন) সন্ধ্যায় ঢামেক কর্তৃপক্ষের

অনিদিষ্টকালের জন্য ক্যাম্পাস বন্ধ ঘোষণা ও

শিক্ষার্থীদের হল ছাড়ার নির্দেশের পরিপ্রেক্ষিতে

এক প্রতিক্রিয়ায় শিক্ষার্থীরা এসব তথ্য জানান।

তৌহিদুল আবেদীন তানভীর নামের এক শিক্ষার্থী

বলেন, ‘মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্ত

অনুযায়ী আমরা হল ত্যাগ করছি না।

আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে কোনো আলোচনা

না করে একত্রফাভাবে একাডেমিক কার্যক্রম বন্ধ

করে হল থেকে বের করে দেওয়া সম্পূর্ণ

অযৌক্তিক। আমরা আমাদের যৌক্তিক দাবির

পক্ষে অবস্থান নিয়েছি, এটি অন্যায় নয়।'

তিনি আরো বলেন, ‘পরিত্যক্ত ভবনে জীবনের

বুঁকি থাকলেও সেটার বিকল্প ব্যবস্থা না করে

উল্লেখ আন্দোলন দমন করতে প্রশাসন এ সিদ্ধান্ত

নিয়েছে। এই সিদ্ধান্ত আমরা মানব না।

শান্তিপূর্ণভাবে হলে অবস্থান চালিয়ে যাব এবং

দাবি পূরণ না হওয়া পর্যন্ত কর্মসূচি চলবে।’



ঢাকা মেডিক্যাল কলেজ অনিদিষ্টকালের জন্য বন্ধ
যোৰণা, শিক্ষার্থীদের হল ছাড়ার নির্দেশ

এর আগে সকাল থেকে পাঁচ দফা দাবিতে অবস্থান

কর্মসূচি ও মিছিল করেন শিক্ষার্থীরা। এরপর

বিকেলে কলেজ প্রশাসনের এক বিজ্ঞপ্তিতে ২২

জুন দুপুর ১২টার মধ্যে সব ছাত্রছাত্রীকে হল

ত্যাগের নির্দেশ দেয়।

